



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
প্রশাসন শাখা
www.doict.gov.bd

H-A
০৫/০৫/২৪
As-2

০৫/০৫/২৪
০৩ মে ২০২৪

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০৮.২৩.০০১.২৪.৩৯৪

তারিখ: ২০ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
০৩ মে ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয়: শেখ রাসেল পদক ২০২৪ এর প্রচার এবং অধিক সংখ্যক গুণগত আবেদন প্রাপ্তির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১৮ অক্টোবর ২০২৪ দেশব্যাপী ৪র্থ বারের মত জাতীয়ভাবে 'শেখ রাসেল দিবস ২০২৪' উদ্‌যাপিত হবে। উক্ত দিবস উপলক্ষ্যে শেখ রাসেল পদক ২০২৪ এর জন্য আবেদন আহ্বান করে ২৭ মার্চ ২০২৪ খ্রি. তারিখ বিজ্ঞপ্তি প্রদান করা হয়েছে। আবেদনের শেষ সময় ১৫ মে ২০২৪ খ্রি. রাত ১২:০০ ঘটিকা পর্যন্ত। ০২টি দৈনিক ইংরেজী ও ০৫টি বাংলা পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। ৬টি বেসরকারি স্যাটেলাইট টিভি চ্যানেল ও ১০টি অনলাইন নিউজ পোর্টালে পর্যায়ক্রমে বিজ্ঞপ্তি প্রচার করা হচ্ছে। সকল মোবাইল ব্যবহারকারীর নিকট বিজ্ঞপ্তি পৌঁছানোর নিমিত্ত বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনকে অনুরোধ করা হয়েছে। বিভিন্ন মন্ত্রণালয়, দপ্তর, সংস্থা, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার, প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার, সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ারদের সাথে অবহিতকরণ সভা করা হয়েছে।

০২। শেখ রাসেল পদক প্রদানের উদ্দেশ্য হলো ভবিষ্যৎ বাংলাদেশের কর্ণধার তথা বর্তমান প্রজন্মের শিক্ষার্থী/শিশু-কিশোররা শেখ রাসেলের মানবিক প্রত্যয়কে রুদয়ে ধারণ করে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলাদেশ গড়ার শক্তিগত বর্ধমান হিসেবে গড়ে তোলা। ব্যক্তিগত ৮টি ও প্রাতিষ্ঠানিক ২টি ক্ষেত্রে শেখ রাসেল পদক ২০২৪ প্রদান করা হবে। প্রতিক্ষেত্রে বিজয়ীরা ১৮ ক্যারেটের ১ ভরি ওজনের একটি স্বর্ণপদক, সম্মাননাপত্র ও একটি উন্নতমানের ল্যাপটপ পাবে। মাননীয় প্রধানমন্ত্রী আগামী ১৮ অক্টোবর ২০২৪ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র, ঢাকায় বিজয়ীদের হাতে উক্ত পুরস্কার তুলে দিবেন আশা করা যাচ্ছে। জাতীয় পর্যায়ে অনূর্ধ্ব ১৮ বছর বয়সী বাংলাদেশী শিশু-কিশোর ব্যক্তিগত ৮টি ক্ষেত্রে ও শিশু-কিশোরদের শিক্ষা/উন্নয়নের সাথে সম্পৃক্ত সরকারি/বেসরকারি বাংলাদেশী প্রতিষ্ঠানসমূহ প্রাতিষ্ঠানিক ২টি ক্ষেত্রে আবেদন করতে পারবে। www.award.sheikhrussel.gov.bd প্র্যাটফর্মে নিবন্ধন ও আবেদন করা যাবে। www.doict.gov.bd, www.ictd.gov.bd এবং www.sheikhrussel.gov.bd ওয়েবসাইটে এ সংক্রান্ত বিস্তারিত তথ্য রয়েছে।

০৩। এমতাবস্থায়, অধীনস্থ দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানসমূহে শেখ রাসেল পদক ২০২৪-বিজ্ঞপ্তির অধিক প্রচার, প্রয়োজনীয় নির্দেশনা প্রদান এবং অধিক সংখ্যক নির্ভুল আবেদন প্রাপ্তির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ

- ১। শেখ রাসেল পদক-২০২৪ বিজ্ঞপ্তি
- ২। শেখ রাসেল পদক নীতিমালা ২০২২

০৫/০৫/২০২৪

০৩-০৫-২০২৪
মোঃ মোস্তফা কামাল
মহাপরিচালক
+৮৮ ০২-৪১০২৪০৭২ (ফোন)
+৮৮ ০২-৫৫০০৬৮৮২ (ফ্যাক্স)
dg@doict.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):


- ১। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়;
- ২। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জননিরাপত্তা বিভাগ;
- ৩। সিনিয়র সচিব, পররাষ্ট্র সচিবের দপ্তর, পররাষ্ট্র মন্ত্রণালয়;

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা- ০২ (সমন্বয়, এপিএ ও আইসিটি)
এফ-৪/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা- ১২০৭
www.techedu.gov.bd

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০১১.২৩.০০৮.২২- ১৯৭

তারিখ: ২২ বৈশাখ ১৪৩১
০৫ মে ২০২৪

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ০৩ মে ২০২৪ তারিখের ৫৬.০৪.০০০০.০০৮.২৩.০০১.২৪.৩৯৪ সংখ্যক পত্রে উল্লিখিত শেখ রাসেল পদক ২০২৪ এর প্রচার এবং অধিক সংখ্যক গুণগত আবেদন প্রাপ্তির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও বাস্তবায়নের জন্য পত্রটির ছায়ািলিপি সদয় অবগতি ও পরবর্তী কার্যার্থে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।



(মোঃ হাবিবুর রহমান)
সহকারী পরিচালক

ফোন: ৮৮-০২-৫৮১৫২২০৮

ই-মেইল: dtead1@gmail.com

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঢাকা ;
২. পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
৩. পরিচালক (সকল), আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর;
৪. অধ্যক্ষ (সকল), ইঞ্জিনিয়ারিং কলেজ, রাজশাহী সরকারি সার্ভে ইনস্টিটিউট, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, পলিটেকনিক ইনস্টিটিউট, বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউট, গ্রাফিক আর্টস ইনস্টিটিউট, বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস অ্যান্ড সিরামিকস-.....;
৫. অধ্যক্ষ, ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া;
৬. উপপরিচালক (এমপিও), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
৭. অধ্যক্ষ (সকল), টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ-.....;
৮. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৯. সিনিয়র সহকারী সচিব, সমন্বয় শাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১০. সহকারী পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা- ১২০৭;
১১. ভারপ্রাপ্ত কর্মকর্তা (আইসিটি সেল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশ ও সংশ্লিষ্টদের ই-মেইলে প্রেরণের অনুরোধসহ);
১২. মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
১৩. সংরক্ষণ নথি।